

পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনগণ,

আমরা এখন ডিজিটাল যুগে বাস করছি ! তাই এখন নম্বর ভগ্নাংশে না প্রকাশ করে দশমিকে প্রকাশ করা হয়। যেমন একজন আবহাওয়াবিদ বলতে পারেন যে এই মাসে আমরা স্বাভাবিকের চেয়ে ২.৫ ইঞ্চি বেশি বৃষ্টি পেয়েছি, কিন্তু আপনি জানেন যে এর অর্থ $2\frac{1}{2}$ ইঞ্চি। এতসব সত্ত্বেও এখনও কিন্তু ভগ্নাংশ ব্যবহার হয়, বিশেষ করে রান্নার ও রাজমিস্ত্রীদের কাজে, যেখানে এখনও ভগ্নাংশ প্রয়োজন। আমরা দুটি উদাহরণ দেখব :

- একটি চকলেট চিপ কুকির তৈরীর প্রণালীতে $\frac{5}{8}$ কাপ ব্রাউন সুগার লাগে। আপনারা যদি কুকির পরিমাণ দ্বিগুণ করেন, তবে কতটা ব্রাউন সুগার আপনারা ব্যবহার করবেন ?
- যদি আপনার কাছে একটি $3\frac{1}{2}$ ইঞ্চি লম্বা তক্তা থাকে এবং তার থেকে যদি $6\frac{1}{4}$ ইঞ্চি লম্বা অংশ কেটে নেন তবে কতটা পড়ে থাকবে ?

আগামী কয়েক সপ্তাহে আপনারা শিখবেন ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ, ভাগ এবং কীভাবে দশমিকের গুণ বা ভাগ করতে হয়। ভগ্নাংশ বা দশমিকের - ব্যবহার করা বেশ কঠিন, এবং এতে ভুল হবার সম্ভাবনাও বেশী। তাই আপনার উত্তর যুক্তিপূর্ণ হচ্ছে কিনা তা দেখা একান্ত জরুরী।

শব্দাবলী এই অধ্যায়ে আপনারা যে নতুন শব্দটি শিখবেন তা হল — বিপরীত (রেসিপ্রোকাল)। আপনারা এই বিপরীতের ব্যবহার করবেন যখন আপনারা ভগ্নাংশ ভাগ করবেন।

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

আপনারা আপনার ছাত্র/ছাত্রীদের সাহায্য করুন যাতে তারা ভগ্নাংশ ও দশমিক নিয়ে দৈনিক কাজ কর্ম চালিয়ে যেতে পারে, যেমন :

- মুদিখানায় বিভিন্ন বস্তুর একক দর (১ আউন্স, ১ লিটার, ১ পিস ইত্যাদি), বা একই বস্তুর বিভিন্ন পরিমাণের জন্য প্রদেয় টাকা হিসাব করতে এবং তুলনা করে দেখতে কোনটিতে বেশি সাশ্রয় হবে।
- রান্নার প্রণালীতে, রান্নার পরিমাণ দ্বিগুণ বা অর্ধেক করলে জিনিসপত্র কত পরিমাণে লাগবে।
- আপনারা যখন সেলাই বা কাঠের কাজ করবেন তখন মাপজোক নিয়ে কাজ করতে, নিজস্ব এককে বা মেট্রিক পদ্ধতিতে।